

# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 18 July, 2025

মঙ্গল গ্রহ থেকে পৃথিবীতে এসে পড়া এখন পর্যন্ত সবচেয়ে বড় উল্কাপিণ্ডটি ৪৩ লাখ ডলারে বিক্রি হয়েছে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অনুষ্ঠিত একটি নিলামে।

গত বুধবার বিশ্বখ্যাত নিলাম প্রতিষ্ঠান সোথবি'স-এর বিজ্ঞান ও প্রাকৃতিক ইতিহাস বিভাগের নিলামে ২৪.৫ কেজি ওজনের এই বিরল পাথরখণ্ডটি বিক্রি হয়। এটি '□□□ □□□□□' নামে পরিচিত এবং লম্বায় প্রায় ৩৮.১ সেন্টিমিটার।

সোথবি'স জানায়, ২০২৩ সালের নভেম্বরে আফ্রিকার নাইজারে একটি প্রত্যন্ত অঞ্চলে এই উল্কাপিণ্ডটি আবিষ্কৃত হয়। এটি মঙ্গল থেকে পাওয়া দ্বিতীয় বৃহত্তম খণ্ডের চেয়ে প্রায় ৭০ শতাংশ বড়, যা একে আরও মূল্যবান করে তুলেছে।

বিবিসির প্রতিবেদনে বলা হয়েছে, পৃথিবীতে এখন পর্যন্ত মাত্র ৪০০টি মঙ্গল গ্রহের উল্কাপিণ্ড শনাক্ত করা সম্ভব হয়েছে, যার ফলে এই খণ্ডটি বৈজ্ঞানিক ও আর্থিক—দুই দিক থেকেই অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সোথবি'স-এর ভাইস-চেয়ারম্যান ক্যাসান্দ্রা হ্যাটন বলেন, “জ্যোতির্বিজ্ঞানের দিক থেকে মঙ্গল গ্রহ থেকে একটি পাথরখণ্ডের পৃথিবীতে এসে পড়া প্রায় অসম্ভবের মতো। তার ওপর এটি স্থলভাগে পড়েছে, যা আরও বিস্ময়কর, কারণ পৃথিবীর প্রায় ৭০ শতাংশ অঞ্চলই জলরাশি।”

ক্রেতার পরিচয় প্রকাশ না করা হলেও সোথবি'স জানিয়েছে, সব কর ও খরচ মিলিয়ে এই উল্কাপিণ্ডের জন্য মোট প্রায় ৫৩ লাখ ডলার পরিশোধ করতে হয়েছে।

একই নিলামে বিক্রি হওয়া আরও কিছু চমকপ্রদ জিনিস:

সেরাটোসরাস ডাইনোসরের প্রায় সম্পূর্ণ কঙ্কাল বিক্রি হয় ২ কোটি ৬০ লাখ ডলারে

প্যাকিসেফ্যালোসরাস ডাইনোসরের একটি বিরল খুলি বিক্রি হয় ১৪ লাখ ডলারে

মঙ্গলগ্রহ বিরল উল্কাপিণ্ড

URL: <https://timestodaybd.com/public/international/494764147>